সংবাদ।

তারিখ ...৫।১১।৮১...
পৃষ্ঠা... ...কলাম...

063

# খাল খনন কর্মসূচীর তৃতীয় পর্যায়ের কাজ উদ্বোধন

ফরিদপুর, ১লা নভেম্বর (এনা)।--অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি আবদুস সাত্তার অতি দ্রুত খাদ্যে স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে সর্বস্তরের জনগণকে খাল খনন কর্মসূচীতে অংশ গ্রহণের আহ্বান জানিয়েছেন। দেশব্যাপী খাল খনন কর্মসূচীর তৃতীয় পর্যায়ের কাজ আজ এখানে উদ্বোধনকালে অস্থায়ী রাষ্ট্রপতি এ আহ্বান জানান।

ফরিদপুর থেকে ৪ মাইল দূরে কুমারপুর-খুনাদী ৫ মাইল দীর্ঘ খাল খননের উদ্বোধনকালে অস্থায়ী রাষ্ট্রপতি, বলেন; মরহুম

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## খাল খনন কর্মসূচী

(১ম পাতার পর)

রাষ্ট্রপতি জিয়াউর রহমান এই খাল খনন কর্মসূচী গ্রহণ করেন এবং খাদ্যে স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে এ কর্মসূচী সফল হয়েছে। তিনি বলেন, এই কর্মসূচী আমাদের এগিয়ে নিয়ে যেতে হবে।

অস্থায়ী রাষ্ট্রপতি বলেন, এই কর্মসূচীর প্রথম ও দ্বিতীয় পর্যায় লক্ষ্য অতিক্রম করেছে। জনগণ উৎসাহ ভরে স্বেচ্ছায় এ কর্মসূচীতে অংশ নিয়েছে। এবারও লক্ষ্য অতিক্রম করবে বলে তিনি আশা প্রকাশ করেছেন।

এ অনুষ্ঠানে বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রী জনাব কে, এম ওবায়দুর রহমান বলেন, বর্তমান সরকার যদি ক্ষমতায় থাকে তবে খাল খনন কর্মসূচী এবং খাদ্যে স্বনির্ভরতা অর্জনের প্রচেষ্টা অব্যাহত থাকবে। অতীতের কোন সরকার এ ধরনের কর্মসূচী দিতে পারেনি বলে তিনি উল্লেখ করেন।

এই নতুন খাল খননের ফলে ২শ একর জমি সেচের আওতায় আসবে এবং ২ হাজার মণ ধান ও গম উৎপাদন হবে বলে আশা করা যায়।